

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উত্তাবন শাখা
www.shed.gov.bd

এ.পি.এ. টিমের ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ০৮ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।
সময় : বিকাল ৩.০০ মিনিট।
সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে নির্ধারিত ছকে মতামত ১০ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধ জানানো হয়েছে। এ পরিস্থিতিতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে মতামত প্রেরণের জন্য এ বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে অনুরোধ জানানো হয়েছিল। ইতোমধ্যে অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা থেকে এ বিষয়ে মতামত পাওয়া গেছে। উক্ত মতামতগুলি বিশ্লেষণ করে মন্ত্রিপরিষদ বিভাগে মতামত প্রেরণের লক্ষ্যে আজকের এই সভা আহবান করা হয়েছে। সভায় অধিদপ্তর-দপ্তর-সংস্থা হতে প্রাপ্ত মতামতগুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

- ৩.১ অধিদপ্তর-দপ্তর-সংস্থা হতে প্রাপ্ত মতামতগুলি বিশ্লেষণ করে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত ছকের ক্রমিক অনুযায়ী মতামত চূড়ান্ত করা হয় (পতাকা 'ক');
- ৩.২ সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে নির্বাচিত মতামতগুলি প্রতিবেদন আকারে ১০ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-


মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও
এ.পি.এ. টিম প্রধান

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০.১৩২

তারিখ: ২৫ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. উপসচিব (পরিকল্পনা-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. উপসচিব (এসডিজি শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব [কর্মসম্পাদন ব্যবস্থা (মূল্যায়ন) শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।


(মোঃ ফারুকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬১৫৮
apa@moedu.gov.bd